

বাবুফে প্রেসিডেন্টের বিবৃতি - সেপ্টেম্বর ২০১৭

সাবিনা ইয়াসমিন

অ-১৫ নারী দলের অকাল প্রয়াত ফুটবলার সাবিনা ইয়াসমিনকে স্মরণ করে আজকের বক্তব্য শুরু করছি। গত ২৬ সেপ্টেম্বর না ফেরার দেশে পাড়ি দেয়া এই ফুটবলার বাংলাদেশ অ-১৫ দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন।

তার পরিবার এবং ফুটবল অনুরাগী মানুষজন যাতে এই শোক কাটিয়ে উঠতে পারে সেই প্রার্থনা করছি।

এএফসি অ-১৬ প্রমীলা ফুটবল

এএফসি অ-১৬ উইমেন'স ফাইনালে উত্তর কোরিয়া, জাপান ও অস্ট্রেলিয়ার সাথে বেশ শক্ত গ্রুপে পড়ে বাংলাদেশ। অন্য গ্রুপে ছিল চীন, লাওস, দক্ষিণ কোরিয়া ও স্বাগতিক থাইল্যান্ড।

অনুমিতভাবেই উত্তর কোরিয়ার সঙ্গে বড় ব্যবধানে হারার পর অ-১৬ দলের মেয়েরা এশিয়ান পাওয়ারহাউজ জাপানের কাছে ৩-০ গোলে পরাজিত হয় যা শক্তিমত্তা বিবেচনায় ভাল ফলাফলই বলা চলে। এরপর ৬৫ মিনিট ধরে দশ জন নিয়ে খেলেও অস্ট্রেলিয়ার জালে দুই গোল দিয়ে অল্পের জন্য ৩-২ গোলে পরের ম্যাচটি হেরা যায় অ-১৬ মেয়েরা।

সবকয়টি ম্যাচে পরাজিত হলেও শেষ দু'ম্যাচে দলটির পারফরম্যান্সে ভবিষ্যতের সম্ভাবনার দেখা মিলেছে। প্রায় দশ মাস ধরে আবাসিক ক্যাম্প ও ট্রেনিং-এর মাধ্যমে গড়ে ওঠা এই দলটির মান উন্নয়নের জন্য বেশ কিছু আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করে বাবুফে এবং এই ধারা ভবিষ্যতেও অক্ষুণ্ণ থাকবে।

এএফসি অ-১৬ পুরুষ দল

ইয়েমেনের সাথে ২-০ গোলে হারার পর দুর্দান্ত খেলে কাতারকে একই ব্যবধানে হারায় বাংলাদেশ অ-১৬ কিশোররা। সংযুক্ত আরব আমিরাত বাকি ম্যাচটিতে অংশ না নেয়ায় রানার্স-আপ হয়েই গ্রুপ পর্ব শেষ করে বাংলাদেশ অ-১৬ দল।

প্রতিযোগিতায় বাংলাদেশ দলের পারফরম্যান্স সব মিলিয়ে ভাল ছিল বলা চলে। এবছরের শুরুর দিকে মালয়েশিয়ার সুপার মখ কাপের প্লেট চ্যাম্পিয়ন হওয়া বাংলাদেশ অ-১৪ দলের বেশ কয়েকজন সদস্য এএফসি দলটির স্কোয়াডে ছিল। এই প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে এখন আবাসিক ক্যাম্পের আয়োজন করবে বাবুফে।

সাফ অ-১৮ পুরুষ দল

এবারের সাফ অ-১৮ চ্যাম্পিয়নশিপে অসাধারণ ফুটবল খেলে রানার্স-আপ হয়েছে বাংলাদেশ দল। প্রতিযোগিতার প্রথম ম্যাচে ভারতের সঙ্গে ৩-০ গোলে পিছিয়ে পড়েও শেষ পর্যন্ত ৪-৩ গোলের অনন্য এক জয় তুলে নেয় অ-১৮ দল। সাম্প্রতিক সময়ে দেশের ফুটবলে অন্যতম বড় সাফল্য হয়ে এসেছে অ-১৮ দলের সাফ পারফরম্যান্স।

অন্য বিষয়ে যাওয়ার আগে এই দলটি নিয়ে কিছু কথা বলে নিতে চাই। বয়সভিত্তিক পর্যায়ে আমাদের দলগুলো ভাল ফলাফল করে চলেছে। এই তরুণ প্রতিভাবান খেলোয়াড়রাই ভবিষ্যতে জাতীয় দলের দায়িত্ব নিবো। তবে বয়সভিত্তিক খেলার সাথে জাতীয় পর্যায়ের বেশ পার্থক্য রয়েছে। ভবিষ্যতে দেশের হয়ে ভাল খেলতে হলে এই খেলোয়াড়দের সার্বিক উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।

বিপিএল-বিসিএল প্রসঙ্গ

বাহুফের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী এবারের বিপিএল এবং বিসিএল টুর্নামেন্ট শেষে একটি করে দল রেলিগেশনের মুখে পড়বে। অন্যদিকে বিসিএল-এর শীর্ষ দু'টি দলকে বিপিএল ২০১৮-তে খেলার সুযোগ দেয়া হবে।

বাহুফে মিটিং-এ আরও সিদ্ধান্ত নেয়া হয় যে বর্তমানে আবাহনী লিমিটেড ঢাকা, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড এবং সাইফ স্পোর্টিং ক্লাব - শুধুমাত্র এই তিনটি ক্লাব 'এএফসি ক্লাব লাইসেন্সিং' নীতিমালা মেনে চলছে।

বিপিএল ম্যাচ স্থগিত রাখা সম্পর্কে

অ-১৮ সাফ চ্যাম্পিয়নশীপ উপলক্ষে গত ১৩ সেপ্টেম্বর থেকে মাসের শেষ নাগাদ 'সাইফ পাওয়ার ব্যাটারি বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৭'-এর অষ্টম রাউন্ডের খেলা স্থগিত রাখা হয়েছিল।

সাফের জন্য ক্লাবগুলো থেকে তরুণ খেলোয়াড় নিয়ে তাদের একসাথে প্রশিক্ষণের ব্যবস্থা করতেই এই উদ্যোগ নেয় বাহুফো। ২ অক্টোবর থেকে বিপিএল-এর নবম রাউন্ড এবং ৪ অক্টোবর থেকে বিসিএল-এর দ্বিতীয় পর্বের খেলা পুনরায় শুরু হবে।

এএফসি কোচিং কোর্স

এএফসি 'এ' সার্টিফিকেট কোচিং কোর্স আগামী ২৮ অক্টোবর থেকে শুরু হবে। অন্যদিকে এএফসি 'বি' সার্টিফিকেট কোচিং কোর্স আগামী অক্টোবর ১৪ এবং এএফসি 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স নভেম্বর ১৭ থেকে শুরু হবে।

বিপিএল ম্যাচ

বিপিএল ২০১৭- এর নবম রাউন্ডের খেলা অক্টোবর ২ থেকে শুরু হয়েছে। এই প্রতিযোগিতার দ্বিতীয় রেজিস্ট্রেশন উইন্ডো ১৫ অক্টোবর থেকে ১০ নভেম্বর পর্যন্ত চলবে। এই রেজিস্ট্রেশন শেষে প্রতিযোগিতার দ্বিতীয় পর্যায়ের খেলা ১৩ নভেম্বর থেকে শুরু হবে।

অপর্যাপ্ত সুযোগ-সুবিধার জন্য চট্টগ্রামের এমএ আজিজ স্টেডিয়াম ও যশোর স্টেডিয়ামে বিপিএল-এর খেলা আয়োজন করা যাচ্ছে না।

মার্সেল বিসিএল চ্যাম্পিয়নশীপের দ্বিতীয় পর্যায়ের খেলা ৪ অক্টোবর থেকে শুরু হবে।